# উচ্চমাধ্যমিক ২০১৫ ,বাংলা বিষয়ের নমুনা এবং সম্ভাব্য প্রশ্ন

সম্রাট দাস

প্রত্যেক পরীক্ষার্থীর সাফল্য কামনা করি।

সম্রাট দাস
সহশিক্ষক
বাসন্তীরহাট কুমুদিনী উচ্চবিদ্যালয় (উঃমাঃ)

**দ্বাদশ শ্রেণি**

বাংলা ‘ক’ ভাষা (নতুন পাঠক্রম)

সময় – ৩ ঘন্টা ১৫ মিনিট        পূর্ণমান – ৮০

পরিমিত এবং যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। বর্ণাশুদ্ধি, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কাটা যাবে। ডানপাশে প্রশ্নের পূর্ণমান দেওয়া আছে।

১। ঠিক উত্তরটি নির্বাচন করো। ১ x ১৮ = ১৮

১.১ ‘এ অপরাধের প্রায়শ্চিত্ত কী’ – কোন অপরাধের কথা বলা হয়েছে –

ক) সব জেনে শুনে ঘরে বসে থাকা ☐

খ) সব জেনে শুনেও এতকাল চারবেলা খাওয়া ☐

গ) সব জেনে শুনে লঙ্গরখানা না খোলা ☐

ঘ) সব শুনেও কিছু না বলা। ☐

১.২ ‘ভুরিভোজনটা অন্যায়, কিন্তু না খেয়ে মরাটা উচিত নয়’- একথার বক্তা হলেন –

ক) মৃত্যুঞ্জয় ☐

খ) নিখিল ☐

গ) টুনুর মা ☐

ঘ) লেখক নিজে ☐

১.৩ ‘কনকপানি’ চালের ভাত খান –

ক) বড়বাবু ☐

খ) মেজবাবু ☐

গ) ছোট বাবু ☐

ঘ) পিসিমা ☐

১.৪ ‘একসময় দাগি ডাকাত’ ছিল –

ক) ফজলু শেখ ☐

খ) নিবারণ বাগদি ☐

গ) করিম ফরাজি ☐

ঘ) নকড়ি নাপিত ☐

১.৫ ‘বৃষ্টির সঙ্গে বাতাস জোরালো হলে বলা হয়’-

ক) পউষে বাদলা ☐

খ) ডাওর ☐

গ) কালবৈশাখী ☐

ঘ) ফাঁপি ☐

১.৬ ‘ভারতবর্ষ’ গল্পে বাজারের পিছনে আছে একটি –

ক) চায়ের দোকান ☐

সম্রাট দাস

খ) ভাঙা কারখানা ☐
গ) ইট ভাটা ☐
ঘ) ফাঁকা মাঠ ☐

১.৭ ‘The night is calling me’ –সংলাপটি কার লেখা –
ক) বার্নাড শ ☐
খ) শেলী ☐
গ) শেক্সপীয়র ☐
ঘ) বায়রন ☐

১.৮ রজনীকান্ত বাবু রামব্রীজকে কত টাকা ‘বক্‌শিস’ দিয়েছিলেন ?
ক) চার টাকা ☐
খ) তিন টাকা ☐
গ) দু টাকা ☐
ঘ) এক টাকা ☐

১.৯ ‘বহুরুপী তখন লাটে উঠবে’ – বহুরূপী একটি –
ক) বিদ্যালয় ☐
খ) পাঠশালা ☐
গ) নাট্যগোষ্ঠী ☐
ঘ) গ্রাম ☐

১.১০ ‘আমাদের মনে হয় এর নাম হওয়া উচিত…’
ক) অভাব ☐
খ) বিভাব ☐
গ) গীতিনাট্য ☐
ঘ) প্রহসন ☐

১.১১ ‘মহুয়ার দেশ’ কবিতায় রাতের নির্জন- নিঃসঙ্গতাকে আলোড়িত করে –
ক) নিশাচরের কোলাহল ☐
খ) শিকারির পদসঞ্চার ☐
গ) অবসন্ন মানুষের আনাগোনা ☐
ঘ) সমুদ্রের দীর্ঘশ্বাস ☐

১.১২ কবি মৃদুল দাশগুপ্তের একটি কাব্যগ্রন্থের নাম –
ক) সোনার তরী ☐
খ) ঝরাপালক ☐
গ) জলপাই কাঠের এসরাজ ☐
ঘ) সোনার মাছি খুন করেছি ☐

১.১৩ ‘নাই যদি হয় ক্রোধ’ – ক্রোধের কারণ –

সম্রাট দাস

ক) দুর্নীতি ☐
খ) ভাইয়ে ভাইয়ে লড়াই ☐
গ) ধর্মদ্রোহীতা ☐
ঘ) নিহত ভাইয়ের শবদেহ ☐

১.১৪ 'অলৌকিক' গল্পে নিরস্ত্র ভারতীয়দের ওপর গুলি করেছিল –
ক) দুষ্কৃতিরা ☐
খ) ফিরিঙ্গিরা ☐
গ) সৈন্যরা ☐
ঘ) আতঙ্কবাদীরা ☐

১.১৫ 'পড়তে জানে এমন এক মজুরের প্রশ্ন' কবিতায় লিমা হল –
ক) পেরুর রাজধানী ☐
খ) চিলির রাজধানী ☐
গ) চীনের রাজধানী ☐
ঘ) মিশরের রাজধানী ☐

১.১৬ বাংলা বর্নমালায় মৌলিক স্বরধ্বনি কয়টি –
ক) ৭ টি ☐
খ) ৯ টি ☐
গ) ১১ টি ☐
ঘ)১২ টি ☐

১.১৭ একজন উল্লেখযোগ্য কবিয়াল হলেন –
ক) লালন ☐
খ) রামপ্রসাদ ☐
গ) হরু ঠাকুর ☐
ঘ) গোবিন্দদাস ☐

১.১৮ ভারতীয় চলচিত্রের জনক বলা হয় –
ক) রবীন্দ্রনাথ ঠাকুরকে ☐
খ) নজরুল ইসলামকে ☐
গ) দাদা সাহেব ফালকেকে ☐
ঘ) অমিতাভ বচ্চনকে ☐

**২। কমবেশি ২০ টি শব্দে নীচের প্রশ্নগুলির উত্তর দাও। ১x১২=১২**
২.১ 'তাস পিটানো ছেলেগুলি অস্বস্তিতে পড়ে।'- কেন ছেলেগুলি অস্বস্তিতে পড়েছিল ?
উত্তরঃ
২.২ পউষে বাদলা সম্পর্কে গ্রামের 'ডাকপুরুষের' পুরনো 'বচন' কী ?
উত্তরঃ
২.৩ 'সেটা যখন মাথায় পড়বে বুঝবে তখন' – সেটা মাথায় পড়বে কেন ?

সম্রাট দাস

উত্তরঃ
২.৪ ‘এই রে – পুলিশ আসছে। লাগল ঝঞ্ঝাটা।’- পুলিশ আসছিল কেন ?
উত্তরঃ
২.৫ ‘রূপনারানের কূলে’ কবিতায় ‘মৃত্যুতে সকল দেনা’ কীভাবে শোধ করা সম্ভব বলে কবি মনে করেছিলেন ?
উত্তরঃ
২.৬ ‘সুন্দর বাদামী হরিণ’ চিতাবাঘিনীর হাত থেকে বাঁচতে কোন্ কোন্ বনে ঘুরেছিল ?
উত্তরঃ
২.৭ ‘আমি দেখি’ কবিতায় কবির চোখ ও দেহ কী কামনা করেছে ?
উত্তরঃ
২.৮ ‘আমি তা পারিনা’ – কে কী পারেন না ?
উত্তরঃ
২.৯ ‘...... স্পেনের ফিলিপ কেঁদেছিল খুব।’ – কেন ফিলিপ কেঁদেছিল ?
উত্তরঃ
২.১০ সমাস কাকে বলে ?
উত্তরঃ
২.১১ উপসর্গ কাকে বলে ?
উত্তরঃ
২.১২ লোক- নিরুক্তি কাকে বলে ?
উত্তরঃ
২.১৩ ক্র্যানবেরি রূপমূল বলতে কী বোঝ ?
উত্তরঃ
২.১৪ মুন্ডমাল শব্দ কাকে বলে ?
উত্তরঃ
২.১৫ বিভক্তি বলতে কী বোঝ ?
উত্তরঃ
২.১৬ উপসর্গ কাকে বলে ?
উত্তরঃ
২.১৭ অবিভাজ্য ধ্বনি বলতে কী বোঝ ?
উত্তরঃ

সম্রাট দাস

## দ্বাদশ শ্রেণি

বাংলা ‘ক’ ভাষা (নতুন পাঠক্রম)

সময় – ৩ ঘন্টা ১৫ মিনিট        পূর্ণমান – ৮০

পরিমিত এবং যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। বর্ণাশুদ্ধি, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কাটা যাবে। ডানপাশে প্রশ্নের পূর্ণমান দেওয়া আছে।

**৩। অনধিক একশো পঞ্চাশ শব্দে যে- কোন একটি প্রশ্নের উত্তর দাও। ৫x১=৫**

৩.১ ‘কে বাঁচায় কে বাঁচে’ গল্প অবলম্বনে মৃত্যুঞ্জয় চরিত্রটির ব্যাখ্যা দাও।

৩.২ ‘কতক্ষণ সে এই মারমুখী জনতাকে ঠেকিয়ে রাখতে পারত কে জানে- ’- সে বলতে কার কথা বলা হয়েছে ? জনতা মারমুখী হয়ে উঠেছিল কেন ?

৩.৩ ‘সে সময় এলো এক বুড়ি’ – কোন সময়ের কোথা বলা হয়েছে ? বুড়িটির পরিচয় দাও।

৩.৪ ‘হঠাৎ বিকেলে এক অদ্ভুত দৃশ্য দেখা গেল৷’- কোন্ দৃশ্যকে কেন অদ্ভুত বলা হয়েছে ?

৩.৫ ‘তারপর দেখা গেল এক অদ্ভুত দৃশ্য’ – এখানে অদ্ভুত দৃশ্যটা নিজের ভাষায় লিখ।

৩.৬‘এ ভাবে দেশের লোককে বাঁচানো যায় না।’- বক্তা কে ? কেন বাঁচানো যায় না ব্যাখ্যা করো।

৩.৭‘দেরি করে আপিসে আসে, কাজে ভুল করে,’- কে দেরি করে আপিসে আসে ? কেন সে দেরিতে আপিসে আসে ? উক্ত ঘটনায় চরিত্রের কোন দিকটি ফুটে উঠে ?

৩.৮‘নিখিল চরিত্রের প্রয়োজন ও পরিমিতি কতটা রক্ষিত হয়েছে ‘কে বাঁচে, কে বাঁচায়’ গল্প অবলম্বনে আলোচনা করো।

৩.৯ ‘দরদের চেয়ে ছোঁয়াচে কিছুই নেই জগতে।’ প্রসঙ্গ উল্লেখ করে মন্তব্যটির তাৎপর্য বিশ্লেষণ কর।

**৪। অনধিক একশো পঞ্চাশ শব্দে যে- কোন একটি প্রশ্নের উত্তর দাও। ৫x১=৫**

৪.১ ‘কোথাও জীবনের খোরাক, হাসির খোরাক নেই’ - বক্তা কে ? বক্তার এরকম মনে করার কারণ কী ?  ১+৪

৪.২ ‘আমাদের দিন ফুরিয়েছে!’ – কে , কোন্ প্রসঙ্গে এই উক্তি করেছেন ? বক্তার এই উপলব্ধির কারণ ব্যাখ্যা করো। ২+৩

৪.৩ ‘নানা রঙের দিন’ নাটকে থিয়েটারের টিকিট কেনা খদ্দেরদের সম্পর্কে রজনীবাবুর কী মতামত এবং কেন?

৪.৪ ‘‘যারা বলে ‘নাট্যাভিনয় একটি পবিত্র শিল্প’- তারা সব গাধা’’- বক্তার এই মনোভাবের কারণ কী?

৪.৫‘‘তোমার ওই পাবলিক… কাউকে বিশ্বাস করিনা’’- বক্তার বিশ্বাস না করার কারণ কী ?

৪৬. ‘আমাদের মনে হয় এর নাম হওয়া উচিত ‘অভাব’ নাটক।’- এই মন্তব্যের আলোকে বিভাব কোন্ অর্থে যথার্থ নামকরণের মর্যাদা লাভ করে বলে তোমার মনে হয় , তা সংক্ষেপে আলোচনা কর।

৪.৭ ‘এবার নিশ্চয়ই লোকের খুব হাসি পাবে ?’- কোন ঘটনায় কেন লোকের হাসি পাবে ? কথাটির তাৎপর্য বিশ্লেষণ কর।

**৫। অনধিক একশো পঞ্চাশ শব্দে যে- কোন একটি প্রশ্নের উত্তর দাও। ৫x১=৫**

৫.১ ‘রুপনারাণের কূলে’ কবিতায় কবির এক গভীর দার্শনিক চেতনার প্রকাশ ঘটেছে – আলোচনা কর।

৫.২ জীবনানন্দ দাশের ‘শিকার’ কবিতায় চিত্রিত হয়েছে একটি নিরীহ হরিণের প্রাণ বাঁচানোর প্রচেষ্টা, অন্যদিকে হৃদয়হীন মানুষের রসনাপ্রিয় মানসিকতা – কবিতা অনুসরণে তার পরিচয় দাও।

৫.৩ ‘আমি কি তাকাব আকাশের দিকে।’ কোন কবিতার অংশ ? কে আকাশের দিকে তাকাবে ? কেন তিনি আকাশের দিকে তাকাবেন ?

৫.৪ ‘কেন তবে লেখা, কেন গান গাওয়া।’ বক্তা  কোন প্রসঙ্গে বলেছেন তা  ব্যাখ্যা কর।

৫.৫ রবীন্দ্রনাথের অন্তিম জীবনের ছায়াপাত  ঘটেছে ‘রূপনারানের কূলে’ কবিতায় – ব্যাখ্যা কর।

৫.৬ ‘জানিলাম এ জগৎ স্বপ্ন নয়।’- বক্তা কে ? তিনি কীভাবে জেনেছিলেন ‘এ জগৎ’ স্বপ্ন নয় ?

**৬। অনধিক একশো পঞ্চাশ শব্দে যে- কোন একটি প্রশ্নের উত্তর দাও। ৫x১=৫**

৬.১ 'রাজারা কি পাথর ঘাড়ে করে আনত ?'- প্রসঙ্গ উল্লেখ করে বক্তব্যটির তাৎপর্য ব্যাখ্যা কর। ১+৪

৬.২ ''সারাদিন এক ফোঁটা জল মুখে দিতে পারিনি' – বক্তা কে ? তিনি মুখে জল দিতে পারেননি কেন ? ১+৪

৬.৩ 'কে বানিয়েছিল সাত দরজাওয়ালা থীব্স?' – 'থীব্স' কী ? এই বক্তব্যের তাৎপর্য ব্যাখ্যা কর।

৬.৪ 'পাতায় পাতায় জয়,

জয়োৎসবের ভোজ বানাত কারা ?'- 'পাতায় পাতায় জয়' কথাটির মধ্য দিয়ে কবি কী বোঝাতে চেয়েছেন ? জয়োৎসবের ভোজ যারা বানাত তাদের সম্পর্কে কবির কী বক্তব্য ?

**৭। অনধিক একশো পঞ্চাশ শব্দে যে- কোন একটি প্রশ্নের উত্তর দাও। ৫x১=৫**

৭.২ '... চেংমানের মাথায় আকাশ ভেঙ্গে পড়ে।' – চেংমান কে ? কেন তার মাথায় আকাশ ভেঙ্গে পড়েছিল ? ১+৪

৭.২ 'আমার বাংলা' গ্রন্থ অনুসারে হাজং সমাজের যে পরিচয় আমরা পাই, তা সংক্ষেপে লিখ। ৫

৭.৩ 'এক ফোঁটা দুধের জন্য পরের দুয়োরে হাত পাততে হয়।'- কার হাত পাততে হয় ? কেন তারা হাত পাতে?

'পাহাড়ি গারোরা তাই তারিফ করে তাদের নাম দিয়েছে হাজং' হাজং শব্দের অর্থ কী ? কেন তাদের হাজং বলা হয়?

৭.৪ 'তোমরাও হাত বাড়াও, তাকে সাহায্য করো।'- কার দিকে হাত বাড়ানোর কথা বলা হয়েছে ? তাকে কেন এবং কীভাবে সাহায্য করতে হবে বলে লেখক মনে করেন ?

৭.৫ 'ছাতির বদলে হাতী' গদ্যাংশটির তাৎপর্য আলোচনা কর।

৭.৬ 'শহরে নাকি খুব আলো?'- এ কথা কে বলেছে ? যে ইচ্ছা প্রসঙ্গে সে একথা বলেছে তা বিবৃত করে তাঁর ইচ্ছাপূরণ না হওয়ার কারণ আলোচনা কর।

৭.৭ সুভাষ মুখোপাধ্যায়ের 'আমার বাংলা' গ্রন্থের 'ভূমিকা' অংশটির গুরুত্ব আলোচনা কর।

**৮। অনধিক একশো পঞ্চাশ শব্দে যে- কোন দুটি প্রশ্নের উত্তর দাও। ৫x২=১০**

৮.১ বাংলা সঙ্গীতের ইতিহাসে চর্যাপদের গুরুত্ব আলোচনা কর।

৮.২ বাঙালীর বিজ্ঞান চর্চার ইতিহাসে জগদীশ চন্দ্র বসুর অবদান সংক্ষেপে লিখ।

৮.৩ চলচ্চিত্রের ইতিহাসে রবীন্দ্রনাথ ঠাকুরের ভূমিকা সম্পর্কে সংক্ষেপে লিখ।

৮.৪ 'পট' বলতে কী বোঝ ? বাঙালীর শিল্পকলার ইতিহাসে পট চিত্রের গুরুত্ব সংক্ষেপে আলোচনা কর।

৮.৫ 'তথ্যচিত্র' বলতে কী বোঝ ? বাংলা চলচ্চিত্রের ইতিহাসে তথ্যচিত্রের গুরুত্ব আলোচনা কর।

৮.৬ লোকক্রীড়া বলতে কী বোঝ ? তোমার এলাকায় প্রচলিত কয়েকটি লোকক্রীড়া সম্পর্কে সংক্ষেপে লিখ।

৮.৭ বাংলা চলচ্চিত্রের ইতিহাসে উত্তম কুমারের অবদান সংক্ষেপে লিখ।

৮.৮ বাংলা চলচ্চিত্রের ইতিহাসে সুচিত্রা সেনের অবদান সংক্ষেপে লিখ।

৮.৯ বাংলা সঙ্গীতের ইতিহাসে মান্না দের ভূমিকা নিরূপন কর।

৮.১০ চিত্রশিল্পী রবীন্দ্রনাথ ঠাকুর সম্পর্কে সংক্ষেপে আলোচনা কর।

৮.১১ বাংলা গানের ইতিহাসে রবীন্দ্রনাথের অবদান সম্পর্কে সংক্ষেপে আলোচনা কর।

**৯। অনধিক একশো পঞ্চাশ শব্দে যে- কোন একটি প্রশ্নের উত্তর দাও। ৫x১=৫**

৯.১ বাক্য কাকে বলে ? বাক্যের উদ্দেশ্য অংশ ও বিধেয় অংশ কাকে বলে উদাহরণ সহ বুঝিয়ে দাও।

৯.২ 'তৎসম', 'তদ্ভব' ও 'অর্ধতৎসম' শব্দ কাকে বলে ? উদাহরণ সহ বুঝিয়ে দাও।

৯.৩ ধ্বনির আগম কয় প্রকার ও কী কী ? স্বরাগম বলতে কী বোঝ ? আদি ও মধ্য স্বরাগম উদাহরণসহ আলোচনা করো।

৯.৪ বাক্যতত্ব কী ? বাক্যের পদক্রমে উদ্দেশ্য ও বিধেয়ের অবস্থান সম্পর্কে আলোচনা করো।

৯.৫ বাক্য কাকে বলে? একটি সার্থক বাক্যের কী কী গুণ বা বৈশিষ্ট্য থাকা আবশ্যক?

৯.৬ শব্দার্থের অপকর্ষ বা অবনতি বলতে কী বোঝ ? উদাহরসহ আলোচনা কর।

৯.৭ ধ্বনি পরিবর্তনের বাহ্যিক কারণ আলোচনা করো।

৯.৮ শৈলী কী এবং কেন – আলোচনা করো।

৯.৯ শব্দার্থের পরিবর্তনের মূল কারণগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও।

৯.১০ বাংলা অবিভাজ্য ধ্বনি সম্পর্কে আলোচনা কর৷

৯.১১ রূপ বলতে কী বোঝ ? রূপ এবং দলের মধ্যে পার্থক্যটি বুঝিয়ে দাও।

৯.১২ সহরূপ বলতে কী বোঝ ?'রূপমুল যদি একটি ধারনা হয়, রূপ তার বাস্তব' বিষয়টি বুঝিয়ে দাও।

**১০৷ কমবেশি ৪০০ শব্দের মধ্যে যে- কোন ১ টি প্রবন্ধ রচনা করো। ১০x১=১০**

১০.১ মোবাইল ফোনের ব্যবহার ও ছাত্রসমাজ।

১০.২ পরীক্ষায় প্রাপ্ত নম্বর সাফল্যের একমাত্র মাপকাঠি নয়।

১০.৩ পরিবেশ দূষণ ও তার প্রতিকার ।

১০.৪ সাম্প্রদায়িকতা প্রতিরোধ ও জাতীয় সংহতি ।

১০.৫ ছাত্রজীবনে খেলাধূলার গুরুত্ব ।

১০.৬ বর্তমান সময়ে নারীর অবস্থা ।

১০.৭ সাহিত্যিক সুনীল ।

১০.৮ বর্তমান সময়ে বিজ্ঞানের ব্যবহার ।

১০.৯ গণমাধ্যম ।

**সমাপ্ত**

সম্রাট দাস